



সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ
২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১মবর্ষ ভর্তি

বিজ্ঞপ্তি

তারিখঃ ০৬/১১/২০২১ খ্রিস্টাব্দ

এতদ্বারা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ১ম রিলিজ স্লিপের মেধা তালিকা অনুযায়ী সুনামগঞ্জ সরকারি কলেজে স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি কার্যক্রম নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী সম্পাদিত হবে।

উল্লেখ থাকে যে, ১ম রিলিজ স্লিপের মেধা তালিকা অনুযায়ী ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

| তারিখ | ডকুমেন্ট জমা দেওয়ার সময় | অনার্স বিষয় | ফিসের বিবরণ | টাকা | মোট ভর্তি ফি |
|--------------------------------------|---|--------------------------------------|---|---------|--------------|
| ০৯/১১/২০২১ হতে ১৩/১১/২০২১ পর্যন্ত | সকাল ১১টা হতে বেলা ০২টা পর্যন্ত (সংশ্লিষ্ট বিভাগ) | গণিত ও উদ্ভিদ বিজ্ঞান | সেশন ফি | ২,০৩৮/- | ৫,১০৮/- |
| | | | সরকারি বেতন | ৩৩০/- | |
| | | | জাতীয় বিশ্ববিদ্যালয় ও ব্যবস্থাপনা ফি | ৫৪০/- | |
| | | | সেমিনার (বিজ্ঞান) | ২,২০০/- | |
| ০৯/১১/২০২১ হতে ১৩/১১/২০২১ পর্যন্ত | সকাল ১১টা হতে বেলা ০২টা পর্যন্ত (সংশ্লিষ্ট বিভাগ) | দর্শন হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা | সেশন ফি | ২,০৩৮/- | ৪,৫০৮/- |
| | | | সরকারি বেতন | ৩৩০/- | |
| | | | জাতীয় বিশ্ববিদ্যালয় ও ব্যবস্থাপনা ফি | ৫৪০/- | |
| | | | সেমিনার (কলা ও ব্যবসায় শিক্ষা অনুমদ) | ১,৬০০/- | |

শিক্ষার্থীদের করণীয়ঃ

১। ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১১ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

২। আগ্রহী শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইটের (www.nu.ac.bd/admission) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নাম্বার ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করবে। পূরণকৃত ভর্তির মূল আবেদন ফরম ০২ কপি (Applicant's & College Copy) A4 সাইজ কাগজে প্রিন্ট করবে।

৩। ভর্তির আবেদন ফরমের রোল নাম্বার ও নাম যাচাই করে শিওর ক্যাশের মাধ্যমে টাকা জমা দিবে। টাকা জমা দেওয়ার ক্ষেত্রে শিওর ক্যাশের যে কোন এজেন্ট পয়েন্ট থেকে অথবা ব্যক্তিগত শিওর ক্যাশ একাউন্ট ব্যবহার করা যাবে। শিক্ষার্থীর নিজের কোন প্রকার ভুলের জন্যে কলেজ দায়ী থাকবে না।

৪। শিওর ক্যাশ কোডঃ SGCNU

৫। টাকা জমা দেওয়ার পর শিওর ক্যাশের পক্ষ থেকে প্রাপ্ত SMS টি সংরক্ষণ করবে এবং Transaction ID ফরমের উপরে লিখবে।

প্রয়োজনীয় কাগজপত্র যা শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিবেঃ

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (www.nu.ac.bd/admission) মাধ্যমে প্রাপ্ত ভর্তির মূল আবেদন ফরম A4 সাইজ কাগজে ০১ কপি (College Copy)।

(খ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ড এর ০১ সেট ফটোকপি।

(গ) এক কপি রজিন পাসপোর্ট সাইজের ছবি (ছবিটি অবশ্যই মার্জিত ও অফিসিয়াল হবে) এবং ছবির পেছনে পূর্ণনাম ও ভর্তির পর সংশ্লিষ্ট বিভাগ থেকে প্রাপ্ত ক্লাস রোল নম্বর লিখে দিতে হবে।

(ঘ) প্রাথমিক ভর্তির আবেদন ফরমের নিচের অংশে (যা পূর্বে ফেরত দেওয়া হয়েছিল) এর একটি ফটোকপি।

(ঙ) একটি A4 সাইজের খামের উপরে শিক্ষার্থীর নাম, ভর্তির বিভাগ, ভর্তির পর বিভাগ থেকে প্রাপ্ত ক্লাস রোল এবং মোবাইল নম্বর (যার মধ্যমে প্রয়োজনে যোগাযোগ করা যাবে) লিখে খামের মধ্যে উল্লিখিত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।

প্রতি স্বাক্ষরিত



০৬/১১/২০২১

(প্রফেসর নীলিমা চন্দ)

অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।



০৬/১১/২০২১

(গিয়াস উদ্দিন আহমদ চৌধুরী)

আহ্বায়ক, ভর্তি কমিটি ২০২১-২০২১

ও

সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।